

উপাচার্য নিয়োগের দাবি চুয়েট শিক্ষার্থীদের ক্লাস বর্জন অব্যাহত

■ চুয়েট প্রতিনিধি

দ্রুত উপাচার্য নিয়োগের দাবিতে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) শিক্ষার্থীরা গত ৪ মার্চ থেকে টানা ক্লাস বর্জনের পাশাপাশি গত মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক সলেন চট্টগ্রাম-কাজাই মহাসড়ক অবরোধ করে রাখে। এ কর্মসূচিতে শিক্ষার্থীরা এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়কে ৩ দিনের আন্দোলনে মনোনিবেশ করেন। এই সময়ের মধ্যে শিক্ষা মন্ত্রণালয় সিদ্ধান্ত না নিলে কঠোর আন্দোলন ডাক হবে বলে শিক্ষার্থীরা ঘৃষ্যিকি দেন।

গত মঙ্গলবার শিক্ষার্থীরা টানা ক্লাস বর্জনের পাশাপাশি দুপুর ১২টা থেকে ১টা পর্যন্ত চট্টগ্রাম-কাজাই মহাসড়ক অবরোধ করে রাখায় চট্টগ্রাম-কাজাই মহাসড়কের প্রায় ৩ কি.মি. জুড়ে যানঘটনা বেগে যায়। এক পর্যায়ে শিক্ষার্থীরা অবরোধ তুলে নিয়ে বিকোন্ড বিহীনসহকারে ক্যাম্পাসে প্রবেশ করে। এ প্রসঙ্গে চুয়েটের রেজিস্ট্রার প্রকৌশলী মো. সফিকুল ইসলাম বলেন, 'শিক্ষার্থীদের মহাসড়ক অবরোধের কথা আমি শুনেছি। এখানে আবার কিছুই বলার নেই।' উল্লেখ্য, ড. শ্যামল কর্তৃক বিশ্বাসের চুয়েটের উপাচার্য হিসেবে মেয়াদ শেষ হয়েছে গত ২৮ জানুয়ারি। কিন্তু শিক্ষা মন্ত্রণালয় থেকে কোনো সিদ্ধান্ত না আসায় গত ৪ মার্চ থেকে শিক্ষার্থীরা দ্রুত নতুন উপাচার্য নিয়োগের দাবিতে লাগাতার ক্লাস বর্জনের কর্মসূচি পালন করে আসছে।